

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৪২

৪৮/ যিক্র, দুআ, তাওবাহ এবং ক্ষমা প্রার্থনা (کتاب الذکر والدعاء والتوبة والاستغفار)

পরিচ্ছেদঃ ৪৮/২৫. দু'আকারী যদি আমি দুআ করেছি কিন্তু আমার দুআ কবূল হয়নি, বলে তাড়াহুড়া না করে তাহলে তার দুআ কবূল করা হয়।

بيان أنه يستجاب للداعي ما لم يعجل فيقول دعوت فلم يستجب لي

আরবী

حديث أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: يُسْتَجَابُ لأَحَدِكُمْ مَا لَمْ يَعْجَلْ يَقُولُ: دَعَوْتُ فَلَمْ يُسْتَجَبْ لِي

বাংলা

১৭৪২. আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের প্রত্যেকের দুআ কবূল হয়ে থাকে যদি সে তাড়াহুড়া না করে। আর বলে যে, আমি দুআ করলাম। কিন্তু আমার দুআ তো কবূল হলো না।

## ফুটনোট

সহীহুল বুখারী, পূর্ব ৮০: দু'আসমূহ, অধ্যায় ২২, হাঃ ৬৩৪০; মুসলিম, পর্ব ৪৮ : আল্লাহ তা'আলার যিক্রের প্রতি উৎসাহ প্রদান, অধ্যায় ২৪, হাঃ ২৭৩৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন